# হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৮৮৬

৩১/ হৃদয়-গলানো উপদেশ

পরিচ্ছেদঃ জান্নাতের বিবরণ

আরবী

وَعَنْ أَبِي سَعِيدٍ الخُدرِيّ عَنِ النَّبِيّ ﷺ قَالَ إنَّ فِي الجَنَّةِ شَجَرَةً يَسِيرُ الرَّاكِبُ الجَوَادَ المُضَمَّرَ السَّريعَ مِئَةَ سَنَةٍ مَا يَقْطَعُهَا متفق عليه
وَرَوَيَاهُ فِي الصَّحِيحَينِ أَيضاً مِن رِوَايَةِ أَبِي هُرَيرَةَ قَالَ يَسيرُ الرَّاكِبُ فِي ظِلّهَا مِئَةَ سَنَةٍ مَا يَقْطَعُهَا

বাংলা

(৩৮৮৬)আবূ সাঈদ খুদরী (রাঃ) হতে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, জান্নাতের মধ্যে এমন একটি বৃক্ষ আছে, যার ছায়ায় কোন আরোহী উৎকৃষ্ট, বিশেষভাবে প্রতিপালিত হালকা দেহের দ্রুতগামী ঘোড়ায় চড়ে একশো বছর চললেও তা অতিক্রম করতে সক্ষম হবে না। (বুখারী ৬৫৫৩, মুসলিম ৭৩১৭)

এটিকেই আবূ হুরাইরা (রাঃ) হতে বুখারী-মুসলিম সহীহায়নে বর্ণনা করেছেন যে, একটি সওয়ার (অশ্বারোহী) তার ছায়ায় একশো বছর ব্যাপী চললেও তা অতিক্রম করতে পারবে না।(বুখারী ৩২৫২, ৪৮৮১, মুসলিম ৭৩১৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ আবূ সা’ঈদ খুদরী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=67634

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন